দৈনিক সংবাদ

তারিখ 15 DEC 1992
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ৫৫ ...

163

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পরীক্ষা স্থগিত রাখার আহ্বান

জগন্নাথ কলেজ, ঢাকা কলেজ ও ইডেন কলেজের ২৭ জন ছাত্র-ছাত্রী এক বিবৃতিতে দেশের বর্তমান সাম্প্রদায়িক পরিস্থিতির কারণে সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের পরীক্ষার প্রস্তুতিতে ব্যাঘাত সৃষ্টি হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিশ্ববিদ্যালয় কলেজগুলোতে স্নাতকোত্তর (সনাতন পদ্ধতি) শেষ পর্বের পরীক্ষা পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত স্থগিত রাখার আবেদন জানিয়েছেন। আগামী ২৮শে ডিসেম্বর থেকে এই পরীক্ষা শুরু হওয়ার কথা। বিবৃতিতে অন্যান্যের মধ্যে সই করেন শৈলেন্দ্র, গৌতম, হরিদাস, শিখা রাণী, অঞ্জলী রাণী, পপি রাণী, কার্তিক, শৈবাল, সজল, শ্যামল, দীপা রাণী, শিপ্রারাণী, বেলা রাণী, গায়ত্রী রাণী। খবর সংবাদ বিজ্ঞপ্তির।